চোট

হ্যামস্ট্রিংয়ের চোটে কাবু রিয়াল মাদ্রিদের সার্জিও র‍্যামোস। লা লিগায় পরের তিনটি ম্যাচে খেলতে পারবেন না তিনি।

আই লিগের প্রস্তুতি মঞ্চ শিল্ড : ভেঙ্কটেশ

ভুবনেশ্বর, ২০ নভেম্বর : আইএফএ শিল্ডে অংশগ্রহণকে আই লিগের প্রস্তুতির মঞ্চ হিসেবে দেখছেন ইন্ডিয়ান অ্যারোজ কোচ সম্মুগাম ভেঙ্কটেশ। বৃহস্পতিবার থেকে ভুবনেশ্বরে অনুশীলন শুরু করেছে অ্যারোজ দল। ৬ ডিসেম্বর থেকে শুরু ১২৩তম আইএফএ শিল্ড। টুর্নামেন্টে অংশগ্রহণকারী চার আই লিগের দলের অন্যতম ইন্ডিয়ান অ্যারোজ। তরুণ ফুটবলারদের কাছে শিল্ডে অংশ নেওয়াটা বড় প্রাপ্তি বলে মনে করেন ভেঙ্কটেশ। তিনি বলেছেন, 'ভারতের অন্যতম প্রাচীন টুর্নামেন্ট আইএফএ শিল্ড। এই মঞ্চ থেকে প্রচুর অভিজ্ঞতা অর্জন করতে পারবে ফুটবলাররা।' ৬ ডিসেম্বর শিল্ডের প্রথম দিনে মাঠে নামছে অ্যারোজ। প্রতিপক্ষ সাদার্ন সমিতি। ৯ ডিসেম্বর রঞ্জন ভট্টাচার্যের জর্জ টেলিগ্রাফের মুখোমুখি ভেঙ্কটেশের তরুণ ব্রিগেড। শিল্ডে মহমেডান স্পোর্টিং, গোকুলাম কেরালা এফসি'র মতো শক্তিশালী দল থাকলেও জেতার চ্যালেঞ্জ নিচ্ছেন ভেঙ্কটেশ। শুরু থেকে ফুটবলারদের ফিটনেসে বাড়তি নজর দিতে চান তিনি।

গ্র্যান্ড মাস্টার হওয়ার পথে গোয়ার লিয়ন

নয়াদিল্লি, ২০ নভেম্বর : দাবায় গ্র্যান্ড মাস্টার হওয়ার পথে আর এক পা অগ্রসর হল ভারতের ১৪ বছরের বিস্ময়বালক লিয়ন লিউক মেনদোনকা। বর্তমানে ইন্টারন্যাশনাল মাস্টার খেতাবের অধিকারী গোয়ার ছেলে লিয়ন এক রাউন্ড বাকি থাকতেই জিতে নিল হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে আয়োজিত গ্র্যান্ড মাস্টার প্রতিযোগিতা। ক'দিন আগেই সে জিতেছে একটি গ্র্যান্ড মাস্টার নর্ম। তিন সপ্তাহের মধ্যে আর একটি নর্ম পেয়ে গ্র্যান্ড মাস্টার হয়ে যাওয়া এখন লিয়নের কাছে শুধুমাত্র সময়ের অপেক্ষা। বুদাপেস্টে একটি রাউন্ড বাকি থাকতেই ৭.৫ পয়েন্টে পৌঁছে যায় গোয়ার এই দাবাড়ু। পয়েন্টের বিচারে তার কাছাকাছি ছিলেন না প্রতিযোগিতার অন্য কোনও খেলোয়াড়। তবে শেষ অবধি ৯ রাউন্ডের ছয়টিতে জয়লাভ করে এবং তিনটি ড্র করে অপরাজিত শেষ করল লিয়ন। তার সবচেয়ে বড় কৃতিত্ব, যে দুজন গ্র্যান্ড মাস্টারের বিরুদ্ধে তাকে লড়তে হয়েছে, তাঁদের একজনকে সে হারিয়েছে, অপরজনের সঙ্গে ড্র করেছে। গত নয় মাস ধরে বাড়িছাড়া লিয়ন তার বাবার সঙ্গে ইউরোপের বিভিন্ন টুর্নামেন্টে খেলে বেড়াচ্ছে। লিয়নের বাবা জানিয়েছেন, এখনও বেশ কিছুদিন ইউরোপে থাকবেন তাঁরা। গ্র্যান্ড মাস্টার হয়েই গোয়ায় ফিরবে লিয়ন।

নাম প্রত্যাহার গেইল, মালিঙ্গার

কলম্বো, ২০ নভেম্বর : শুরুর আগেই ধাক্কা খেল লঙ্কান প্রিমিয়ার লিগ (এলপিএল)। শ্রীলঙ্কার টি২০ ফ্র্যাঞ্চাইজি লিগ থেকে নাম প্রত্যাহর করে নিলেন ক্রিস গেইল, লাসিথ মালিঙ্গার মতো তারকা। তাদের দেখানো পথে হেঁটেছেন পাকিস্তানের সরফরাজ আহমেদ, ইংল্যান্ডের লিয়াম প্লাঙ্কেটও। গেইল, প্লাঙ্কেটের টিম ক্যান্ডি টাস্কার্সে রয়েছেন ইরফান পাঠান, মুনাফ প্যাটেল, কুশল পেরেরা, কুশল মেন্ডিসরা। তবে আকর্ষণের কেন্দ্রবিন্দুতে ছিলেন গেইল। অপরদিকে, সরফরাজের কাঁধে ছিল গল গ্ল্যাডিয়েটর্সের দায়িত্ব। তিনি সরে দাঁড়ানোয় মালিঙ্গাকে নেতৃত্বে আনার চিন্তাভাবনা শুরু করেছিল ফ্র্যাঞ্চাইজি কর্তারা। তবে টুর্নামেন্ট থেকে নাম প্রত্যাহার করে মালিঙ্গা জানিয়েছেন, মার্চ থেকে ট্রেনিংয়ের মধ্যে নেই তিনি। ফলে এই মুহূর্তে সর্বোচ্চস্তরের ক্রিকেট প্রতিযোগিতায় তাঁর অংশগ্রহণ সম্ভব নয়। ২৬ নভেম্বর থেকে শুরু টুর্নামেন্ট। প্রথম ম্যাচে কলম্বো কিংসের মুখোমুখি ক্যান্ডি টাস্কার্স। ১৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে লঙ্কান প্রিমিয়ার লিগের ফাইনাল।

নির্বাসন দীর্ঘতর হওয়ার সম্ভাবনা

লসেন, ২০ নভেম্বর : নিষিদ্ধ ড্রাগ নেওয়ার অভিযোগে এক বছরের জন্য নির্বাসিত হয়েছেন ২০০৪ সালের অলিম্পিকে সোনাজয়ী সাঁতারু রোনাল্ড স্কোয়েম্যান। কিন্তু বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা (ওয়াডা) দক্ষিণ আফ্রিকার এই সাঁতারুর নির্বাসনের মেয়াদ বাড়ানোর জন্য কোর্ট অফ আর্বিট্রেশন ফর স্পোর্টসের (ক্যাস) কাছে আবেদন করেছিল। ফলে ৪০ বছরের স্কোয়েম্যানের নির্বাসনের মেয়াদ বৃদ্ধির সম্ভাবনা ক্রমশ জোরালো হচ্ছে। গত বছর অলিম্পিকের যোগ্যতা অর্জন পর্বের প্রস্তুতির সময় স্কোয়েম্যানের নমুনায় নিষিদ্ধ ড্রাগ পাওয়া গিয়েছিল। যার জেরে তাঁকে এক বছরের জন্য নির্বাসিত করে বিশ্ব সাঁতার সংস্থা (ফিনা)। স্কোয়েম্যানের নির্বাসন চলতি বছরের মার্চে শেষ হয়ে গিয়েছিল। কিন্তু তাঁর নির্বাসনের মেয়াদ বাড়ানোর আবেদন করেছে ওয়াডা।

নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে নামার আগে অনুশীলনে মুম্বই সিটি এফসির ফুটবলাররা।

ধারে-ভারে এগিয়ে মুম্বই, লড়াইয়ে তৈরি নর্থ ইস্ট

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি, ২০ নভেম্বর : সেই প্রথম মরশুম থেকেই আইএসএল খেলছে মুম্বই সিটি এফসি এবং নর্থ ইস্ট ইউনাইটেড। এই দুটি দলেরই জার্সি গায়ে ইতিপূর্বে খেলতে দেখা গিয়েছে ইউরোপে খেলে আসা বেশ কিছু বড় তারকাকে। কিন্তু সত্যিকারের সাফল্য বলতে যা বোঝায়, গত ছয় বছরে সেভাবে তার মুখ দেখেননি এঁরা কেউই। অথচ শনিবার রাতে গোয়ায় মুখোমুখি হওয়ার আগে এই দুটি দলকে নিয়ে ফুটবলমহলে আলোচনা একেবারেই ভিন্নমুখী। মুম্বই যেখানে অন্যতম ফেভারিট দল হিসেবে গণ্য হচ্ছে, সেখানে নর্থ ইস্ট এবারেও পড়ে আছে সেই 'অলসো র‍্যানদের' দলে। প্রতিভার অভাব না থাকলেও তাদের দলে বড় কোনও তারকা নেই, তাদের কোচ জেরার্ড নুস পুরো প্রতিযোগিতায় তরুণতম, তাঁর বয়স মাত্র ৩৫। অন্যদিকে, মুম্বই কোচ সার্জিও লোবেরো এখন খ্যাতির চূড়ায় অবস্থান করছেন। গতবার এফসি গোয়ার লিগ চ্যাম্পিয়ন হওয়ার পেছনে তাঁর অবদান মোটেই অস্বীকার করা যায় না। সবচেয়ে বড় কথা, মুম্বই সিটি ভারতীয় ফুটবলে ইতিহাস সৃষ্টি করেছে। তাদের আংশিক মালিকানা ক্রয় করে ভারতীয় ফুটবলের আসরে সরাসরি প্রবেশ করেছে সিটি ফুটবল গ্রুপের মতো বিখ্যাত সংস্থা।

মুম্বই বনাম নর্থ ইস্ট
সন্ধ্যা ৭.৩০ মিনিট
স্টার স্পোর্টস-১, ২

অনুশীলনে নর্থ ইস্ট ইউনাইটেডের ফরোয়ার্ড ইদ্রিসা সিল্লা।

মুম্বইয়ের আর্থিক জোর এখন যথেষ্ট বেশি। স্বভাবতই তাদের দলে এবার তারকাদের ছড়াছড়ি। গোয়া, কেরল সহ সব জায়গা থেকে দেশি-বিদেশি একগাদা ফুটবলারকে এক ছাতার তলায় নিয়ে এসেছে তারা। বার্থোলোমিউ ওগবেচে, হুগো বৌমস, আহমেদ জাহাউ, মৌরতাদা ফল থেকে শুরু করে, রাউলিন বর্জেস, রেনিয়ার ফার্নান্ডেজ, মন্দার দেশাই, অমরিন্দার সিং সবাই এবার জড়ো হয়েছেন দেশের পশ্চিম উপকূলের মহানগরীতে। এফসি গোয়া সার্জিও লোবেরোকে কিছুটা দুঃখজনকভাবে বিদায় জানালেও সেই দলের চারজন ছেলে এবার এই স্প্যানিশ কোচের কাছে। ফলে তিনি যখন বলেন, 'আমরা কিন্তু আক্রমণাত্মক ফুটবলই খেলতে চাই। আমরা মাঠে নামছি একটাই কারণে সেটা হল জিততে। কথাগুলো আমি আমার ফুটবলারদের বুঝিয়ে বলেছি। আমরা সেইভাবেই তৈরি হচ্ছি।' তখন বোঝা যায় আত্মবিশ্বাসের তুঙ্গে আছেন এই কোচ।

পাশাপাশি অনেক বেশি ম্রিয়মাণ শোনায় নুসকে। ইতিমধ্যেই তাঁর জনাদুয়েক ফুটবলার করোনা পজিটিভ প্রমাণিত হয়েছেন, প্রথমদিনের ম্যাচে তাঁদের তিনি পাচ্ছেন না। নুস বলছেন, 'শুনছি মুম্বই প্রচুর টাকা খরচ করে দল করেছে। খুব শক্তিশালী দল সন্দেহ নেই। আমি শুধু সমর্থকদের একটা কথাই বলব, আমরা চ্যালেঞ্জের জন্য তৈরি। আমরা কিন্তু প্রচণ্ড লড়াই করার জন্য উদগ্রীব হয়ে আছি।'

এর বেশি কী আর বলতে পারেন নুস? আবার একথাও ঠিক, তাঁর হাতে আছে ফ্রেডেরিকো গ্যালেগোর মতো মাঝমাঠের চমৎকার খেলোয়াড়, লালেং মাউইয়া, আশুতোষ মেহতা, গুরজিন্দর কুমারের মতো ফুটবলার, যাঁরা ঘরোয়া ফুটবলে বারবার নিজেদের প্রমাণ করেছেন। আর সবচেয়ে বড় কথা, চাপ তো আদতে মুম্বইয়ের ওপর। নর্থ ইস্টের তো বিশেষ কিছু হারানোর নেই।

এটিপি ফাইনালসের সেমিফাইনালে ওঠার উচ্ছ্বাস নাদালের।

সেমিতে নাদাল, সামনে মেদভেদেভ

লন্ডন, ২০ নভেম্বর : অধরা স্বপ্নের আরও কাছে রাফায়েল নাদাল।

বৃহস্পতিবার এটিপির ফাইনালসে গ্রুপ পর্যায়ের রাউন্ড-রবিন ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন স্টেফানোস সিসিপাসকে হারিয়ে টুর্নামেন্টের শেষ চারে পা রাখলেন ২০ বারের গ্র্যান্ড স্ল্যাম বিজয়ী। ম্যাচের ফল নাদালের পক্ষে ৬-৪, ৪-৬, ৬-২। সুদীর্ঘ কেরিয়ারে ৮৬টি সিঙ্গলস খেতাব জিতলেও একবারও এটিপি ফাইনালস জয় করতে পারেননি স্প্যানিশ তারকা। গ্রুপ পর্যায়ে প্রথম ম্যাচে আন্দ্রে

এটিপি ফাইনালস

রুবলেভকে হারালেও ডমিনিক থিয়েমে কাছে হারে দুশ্চিন্তার মেঘ জমেছিল নাদালভক্তদের মনে। তবে সিসিপাসের বিরুদ্ধে চেনা মেজাজে হার্ড কোর্টে পাওয়া গেল নাদালকে। সেমিফাইনালে তাঁর সামনে ড্যানিল মেদভেদেভ। বৃহস্পতিবার বিশ্বের এক নম্বর নোভাক জকোভিচকে হারিয়ে শেষ চারে জায়গা পাকা করলেন রাশিয়ান তারকা। জিতলেন ৬-৩, ৬-৩ সেটে।

এদিকে, এটিপি ফাইনালসের সেমিতে উঠলেন ইউএস ওপেন জয়ী ডমিনিক থিয়েম। বৃহস্পতিবার আন্দ্রে রুবলেভকে ৬-২, ৭-৫ সেটে উড়িয়ে দিলেন অস্ট্রিয়ান তারকা। জয়ের পর থিয়েম বলেন, 'আগেই সেমিফাইনাল নিশ্চিত হয়ে যাওয়ায় এই ম্যাচে মনোসংযোগে সমস্যা হচ্ছিল। তার প্রথম সেটে শুরুতে পিছিয়ে পড়েছিলাম। তবে দ্বিতীয় সেটে নিজের পরিকল্পনাকে কাজে লাগাতে পেরেছি।' অন্যদিকে, টুর্নামেন্টের মাঝেই নতুন করে মাথাচাড়া দিল এটিপি বোর্ডের সঙ্গে জকোভিচদের গঠিত প্লেয়ার্স সংগঠন পিটিপিএ'র সংঘাত। অগাস্টে এটিপির প্লেয়ার্স কাউন্সিল থেকে পদত্যাগ করলেও নতুন করে ফের সংগঠনে ফেরার ইচ্ছাপ্রকাশ করেছেন জকোভিচ। কিন্তু এটিপি বোর্ড সিদ্ধান্ত নিয়েছে, বাইরের কোনও সংগঠনের সঙ্গে যুক্ত টেনিস প্লেয়ারকে এটিপি কাউন্সিলের সঙ্গে তারা যুক্ত করবে না। এটিপির এই সিদ্ধান্তের সমালোচনা করে সার্ব তারকা বলেছেন, 'একটা মহান উদ্যোগ থেকে আমি, ভ্যাসাক (পসপিসিল) পেশাদার টেনিস প্লেয়ার্স অ্যাসোসিয়েশন গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছিলাম। অনেকেই তাতে সমর্থন জানিয়েছিল। আমাদের উদ্দেশ্য ছিল এটিপিকে সহযোগিতা করা, তার বিরোধিতা করা নয়। কিন্তু নতুন নিয়ম চালু করে এটিপি এই বার্তা দিতে চাইছে তারা পিটিপিএ-কে চায় না।'

বোল্টের বিশ্রামে সায় বন্ডের

অকল্যান্ড, ২০ নভেম্বর : ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টি২০ সিরিজে নেই কেন উইলিয়ামসন, ট্রেন্ট বোল্ট। টেস্ট সিরিজের কথা মাথায় রেখে দুই কিউয়ি তারকাকে বিশ্রাম দিয়েছে নিউজিল্যান্ড। বোর্ডের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন প্রাক্তন পেসার শেন বন্ড। আইপিএলে মুম্বই ইন্ডিয়ান্সের হয়ে দুরন্ত ফর্মে ছিলেন বোল্ট। কিন্তু আইপিএল ফেরত বোল্টকে সরাসরি টি২০ সিরিজে নামিয়ে দিলে তা বোকামি হত বলে মনে করেন বন্ড। বরং বিশ্রামের ফলে আরও তরতাজা হয়ে ক্যারিবিয়ানদের বিরুদ্ধে বোল্ট নামবেন, বিশ্বাস বন্ডের। ৩ ডিসেম্বর থেকে শুরু নিউজিল্যান্ড-ওয়েস্ট ইন্ডিজের টেস্ট সিরিজ। বন্ড বলেন, 'বোল্টের বিশ্রামের প্রয়োজন। টানা খেলার ধকল ওর পারফরমেন্সে পড়তে বাধ্য। ওর দুটো ছোট সন্তান রয়েছে। পরিবারের সঙ্গে সময় কাটালে অনেক তরতাজা হয়ে উঠবে। সেই বোল্টকে দলের প্রয়োজন। ফলে নিউজিল্যান্ড ক্রিকেট যে সিদ্ধান্ত নিয়েছে, তা একদম সঠিক।' মুম্বইয়ের কোচ হিসেবে বোল্টকে দেখেছেন বন্ড। তাঁর মতে, 'বোল্ট কোচ-অধিনায়কের তুরুপের তাস হয়ে উঠতে পারে।'

পূজারার সাফল্য নিয়ে সন্দিহান বর্ডার

কোহলির শূন্যতা ঢাকা অসম্ভব

সিডনি, ২০ নভেম্বর : বর্ডার-গাভাসকার ট্রফি।

ইন্দো-অজি টেস্ট ডুয়েল সেই ট্রফির লক্ষ্যে। আর এই নামাঙ্কিত ট্রফির অন্যতম অ্যালান বর্ডারের মতে, বিরাট কোহলির অভাব অপূরণীয়। প্রথম টেস্ট খেলেই দেশে ফিরবেন ভারত অধিনায়ক। এই প্রসঙ্গে কিংবদন্তি বর্ডার বলেন, 'আমার মতে, এটা 'বিগ-আউট' ভারতের জন্য। এই মুহূর্তে ব্যাটসম্যান-অধিনায়ক হিসেবে ওর শূন্যতা পূরণ করা অসম্ভব।'

একইভাবে অ্যালান বর্ডারের মতে, প্র্যাকটিসের অভাব ভোগাবে চেতেশ্বর পূজারাকেও। গত সফরে জয়ের মূল কারিগর পূজারা। তিনটি সেঞ্চুরি সহ পাঁচশোর বেশি রান করেন। কিন্তু এবারের পরিস্থিতি আলাদা। করোনার কারণে ম্যাচ প্র্যাকটিস পাননি। বর্ডার বলেন, 'আমি টানা খেলতে পছন্দ করতাম। ব্রেক ভালো লাগত না। পূজারাও লম্বা সময় ক্রিজে থাকতে ভালোবাসে। আর তা না পেলে ওর কী হাল হতে পারে, তা আন্দাজ করতে পারি। ম্যাচ প্র্যাকটিস পায়নি দীর্ঘদিন।



নেট প্রস্তুতিই একমাত্র ভরসা। এভাবে স্টার্ক-কামিন্সদের নতুন বল সামলানো পূজারার পক্ষে সহজ হবে না।'

আসন্ন ডুয়েলে ভারতের চেয়ে এগিয়ে রাখলেন নিজের দেশকেই। বর্ডারের যুক্তি, 'বিদেশ সফরে সপ্তাহের পর সপ্তাহ বায়ো-বাবলে থাকা মানসিক ক্লান্তি আনে। ভারতীয় খেলোয়াড়দের জন্য যা চ্যালেঞ্জিং। তবে আসন্ন সিরিজের মূল ফ্যাক্টর বিরাটের অনুপস্থিতি। ও যেভাবে আবেগ দিয়ে খেলে তা ভালোবাসি আমি। ওর আগ্রাসী মনোভাব, আবেগ উপভোগ করি। ভারত নিঃসন্দেহে ওকে মিস করবে। আমাদের সময়ে, একটাই মাত্র ফর্ম্যাট ছিল। সেখানে বিরাট তিন ফর্ম্যাটে সমান দাপটের সঙ্গে রাজত্ব করছে। হাতেগোনা কয়েকজনের এই ক্ষমতা রয়েছে। তাই বিরাটকে সবসময় উঁচুতে রাখি।'

> "আমি টানা খেলতে পছন্দ করতাম। ব্রেক ভালো লাগত না। পূজারাও লম্বা সময় ক্রিজে থাকতে ভালোবাসে। আর তা না পেলে ওর কী হাল হতে পারে, তা আন্দাজ করতে পারি।
>
> -অ্যালান বর্ডার

চেয়ারম্যানের দৌড়ে এগিয়ে গ্রেগ বার্কলে

নয়াদিল্লি, ২০ নভেম্বর : শশাঙ্ক মনোহরের উত্তরসূরি কে হবেন? গত জুলাই মাস থেকে এই প্রশ্নের জবাব খুঁজে বেড়াচ্ছে ক্রিকেট দুনিয়া। সম্ভবত এই খোঁজ আরও দীর্ঘ হবে না। বড় কোনও অঘটন না হলে আগামী ডিসেম্বরের প্রথম সপ্তাহেই ক্রিকেটের নিয়ামক সংস্থা আইসিসি পেয়ে যাবে নয়া চেয়ারম্যান। নিউজিল্যান্ডের গ্রেগ বার্কলের নয়া আইসিসি চেয়ারম্যান হওয়া এখন সময়ের অপেক্ষা বলে খবর। বর্তমানে আইসিসির অন্তর্বর্তীকালীন চেয়ারম্যানের দায়িত্ব পালন করা ইমরান খোয়াজার চেয়ে প্রথম রাউন্ডের ভোটের পর ১০-৬ ব্যবধানে এগিয়ে রয়েছেন নিউজিল্যান্ডের বার্কলে। দুই তৃতীয়াংশ গরিষ্ঠতা অর্জনের জন্য আর মাত্র একটি ভোট প্রয়োজন বার্কলের। আইসিসির একটি সূত্র আজ বিকেলে উত্তরবঙ্গ সংবাদকে বলেছেন, 'শশাঙ্ক মনোহরের উত্তরসূরি হিসেবে গ্রেগ বার্কলের দায়িত্ব পাওয়া প্রায় নিশ্চিত। প্রথম রাউন্ডের ভোটে অনেক এগিয়ে বার্কলে। আরও এক রাউন্ডের ভোট বাকি রয়েছে। কিন্তু ইমরান খোয়াজার সম্ভাবনা আর নেই।'

অলিম্পিকে টিকা বাধ্যতামূলক নয়

টোকিও, ২০ নভেম্বর : আগামী বছরের জুলাই-অগাস্ট মাসে একবছর পিছিয়ে যাওয়া অলিম্পিক অনুষ্ঠিত হওয়ার আগেই করোনা ভাইরাসের প্রতিষেধক আবিষ্কার হয়ে যাবে, এমনটাই আশা করছে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি (আইওসি)। কিন্তু টোকিওতে সারা পৃথিবী থেকে যে সমস্ত অ্যাথলিট, কোচ ও কর্মকর্তারা আসবেন, তাঁদের সবারই সেই প্রতিষেধক নিয়ে আসা বাধ্যতামূলক হবে না, জানাচ্ছেন আইওসি সভাপতি টমাস বাখ। তিনি বলছেন, 'এটি একটি ব্যক্তিগত সিদ্ধান্ত, আমরা কারও ওপর জোর করে চাপিয়ে দিতে চাই না। সমস্ত ব্যাপারটাই একজন মানুষের স্বাস্থ্যের ওপর নির্ভর করছে। প্রতিষেধক না নিলে আসতে অনুমতি দেওয়া হবে না, এমন কথা আমরা বলতে পারি না।' তবে পাশাপাশি বাখ একথাও বলেছেন, আইওসি টোকিওগামী সবার কাছে অনুরোধ করবেন, তাঁরা যেন আয়োজক দেশ জাপান এবং অন্য যে সমস্ত মানুষ অলিম্পিকে আসবেন, তাঁদের স্বাস্থ্যের প্রতি প্রয়োজনীয় সম্মানটুকু দেখান। তিনি আরও জানান, সংগঠকদের পক্ষ থেকে যাবতীয় সাবধানতা অবলম্বন করা হবে, যাতে অ্যাথলিটরা কোনওমতেই নিরাপত্তার অভাব না বোধ করেন। বাখ জানান, তিনি নিশ্চিত এবার আর অলিম্পিক পিছিয়ে দিতে হবে না এবং নির্ধারিত সময়েই গেমস অনুষ্ঠিত হবে।

দুবাইয়ে সানিয়া মির্জা, শোয়েব মালিকদের সঙ্গে সাক্ষীর জন্মদিন উদযাপন মহেন্দ্র সিং ধোনির।

রিভাল্ডোর মত

বার্সেলোনায় এটাই মেসির শেষ মরশুম

বার্সেলোনা, ২০ নভেম্বর : মরশুমের শুরু থেকে জল্পনা চলছে। বার্সেলোনা ছাড়ছেন লিওনেল মেসি। মরশুমের মাঝপথেও তা থামার কোনও ইঙ্গিত নেই। জল্পনা আরও উসকে দিয়েছেন প্রাক্তন বার্সা তারকা রিভাল্ডো। ব্রাজিলিয়ান কিংবদন্তির আশঙ্কা, বার্সার নতুন বোর্ডের পক্ষে মেসিকে ধরে রাখা সম্ভব হবে না। ৩৩ বছরের আর্জেন্টাইন তারকাকে পেতে ইতিমধ্যে ঝাঁপিয়েছে ম্যাঞ্চেস্টার সিটি। মেসি নিজেও আগ্রহ দেখিয়েছেন। বার্সায় মেসির ভবিষ্যৎ প্রসঙ্গে তাই রিভাল্ডো বলেছেন, 'করোনা প্রকোপের কারণে আর্থিক সমস্যার মধ্যে রয়েছে ক্লাব (বার্সেলোনা)। যার জেরে ফুটবলারদের বেতন ছাঁটাই করতে হয়েছে ক্লাব কর্তৃপক্ষকে। নতুন করে ফের বেতন হ্রাসের অনুরোধ করা হয়েছে প্লেয়ারদের। যা তারা মানতে চায়নি। ফলে ক্লাবের পরিস্থিতি মোটেই ভালো নয়। এই অবস্থায় বেতন কমিয়ে মেসির সঙ্গে নতুন চুক্তির সম্ভাবনা কঠিন। আমার মনে হয় না, বার্সার নতুন বোর্ড মেসিকে ধরে রাখতে সমর্থ হবে।' চলতি মরশুমে চ্যাম্পিয়ন্স লিগ কিংবা লা লিগা জয়ের মতো ঘটনা মেসির সিদ্ধান্ত বদলাতে পারে বলে মনে করেন রিভাল্ডো। শনিবার লা লিগায় অ্যাটলেটিকো মাদ্রিদের বিরুদ্ধে ম্যাচ রয়েছে কাতালান জায়েন্টদের। দিয়েগো সিমিওনের দলের বিরুদ্ধে ৬ বারের ব্যালন ডি'অর বিজেতার গোলের পরিসংখ্যান আকর্ষণীয়। ১৭টি ম্যাচে বার্সা অধিনায়ক গোল করেছেন ১২টি। তাঁকে সামনে রেখে অ্যাটলেটিকো বধের অঙ্ক সাজাচ্ছেন বার্সা কোচ রোনাল্ড কোয়েম্যান। চলতি লা লিগায় সুবিধাজনক অবস্থায় নেই বার্সেলোনা। ৭ ম্যাচে দলের সংগ্রহ ১১ পয়েন্ট। সেখানে সমসংখ্যক ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের তিন নম্বরে অ্যাটলেটিকো। শনিবার বার্সাকে হারাতে পারলে শীর্ষে ওঠার হাতছানি জোয়াও ফেলিক্সদের সামনে। তবে করোনা সংক্রমণের কারণে নিজের পুরোনো ক্লাবের বিরুদ্ধে খেলতে পারছেন না লুইস সুয়ারেজ। মেসিদের বিরুদ্ধে তাই জোয়াও ফেলিক্সে ভরসা রাখছেন সিমিওনে।